দৈনিক জনকণ্ঠ

তারিখ ... [illegible] 1995 ...
পৃষ্ঠা ৬ কলাম ৪

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রকল্পের উপর পর্যালোচনা সেমিনার অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রকল্পের উপর শনিবার ঢাকার নায়েমে এক মধ্য মেয়াদী পর্যালোচনা সেমিনার অনুষ্ঠিত হয়। জাতীয় অধ্যাপক এমআর খান এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদসহ শিক্ষা মন্ত্রণালয়, এশীয় উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্মকর্তা ও শিক্ষকসহ ৩০ জন প্রতিনিধি এই সেমিনারে অংশগ্রহণ করেন।

এশীয় উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে আয়োজিত এই সেমিনারে সভাপতিত্ব করেন এশীয় উন্নয়ন ব্যাংকের উর্ধতন শিক্ষা বিশেষজ্ঞ মিঃ আইউমি কনিশি ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বোর্ড অব গবর্নরস-এর অন্যতম সদস্য আজিজুল হক।

সেমিনারের উদ্বোধনী অধিবেশনে শিক্ষা সচিব মোঃ ইরশাদুল হক বক্তব্য রাখেন। তিনি শিক্ষার মান উন্নত রেখে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা অনুষ্ঠানের ব্যাপক বিস্তারের ওপর জোর দেন। তিনি বলেন, অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের তুলনায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিপুলসংখ্যক শিক্ষার্থীকে শিক্ষার সুযোগ দিতে সমর্থ। তবে শিক্ষার ব্যয় সাধারণ শিক্ষার্থীদের ক্ষমতার মধ্যে রাখতে হবে, যাতে সকল শ্রেণীর শিক্ষার্থী শিক্ষার সুযোগ গ্রহণ করতে পারে।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রকল্পের বাস্তবায়ন ও উন্নয়ন সম্বন্ধে বক্তব্য রেখে উপাচার্য ডঃ এম শমশের আলী বলেন, শিক্ষাক্ষেত্রে এই প্রতিষ্ঠান উল্লেখযোগ্য পদক্ষেপ নিয়েছে। বিএড, ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট, সার্টিফিকেট ইন ম্যানেজমেন্ট, ইংলিশ ল্যাংগুয়েজ প্রফিসিয়েন্সি ও এসএসসি প্রোগ্রাম চালু করে প্রচলিত শিক্ষা ব্যবস্থার সুযোগ থেকে বঞ্চিত বিপুলসংখ্যক শিক্ষার্থীকে শিক্ষার সুযোগ করে দিয়েছে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন প্রোগ্রামে এ পর্যন্ত প্রায় ৪৫ হাজার শিক্ষার্থী ভর্তি হয়েছে।

অন্যদের মধ্যে সেমিনারে বক্তব্য রাখেন উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ডীন অধ্যাপক মোঃ আনওয়ার আলী, ডঃ শিরীন হক, অধ্যাপক শামসুল কবীর, ডাঃ এ কে এনামুল হক এবং পরিচালক মোঃ ফজলুর রহমান, মোঃ রেজাউল হক, কেজিএম ফারুকী, মোঃ জহুরুল ইসলাম ও সৈয়দ লুৎফি আলী। —খবর বিজ্ঞপ্তির।